- Keep a strong and easy to remember password and change it regularly.
- Vishing is a form of phishing, where instead of people receiving an e-mail trying to lure them into giving personal information, the criminal uses a phone call, either live or automated to attack the bank or credit union customer and get critical information.
- Try to restrict yourself from giving personal information when you receive a call from a Bank or Credit Card Provider.
- Look for a "no tampering" sign. Crooks often place these to stop anyone curious about a new piece of equipment.
- Steer clear of a jammed ATM machine that forces customers to use another ATM that has a skimmer attached. Often, the criminal will disable other ATMs in the area to draw users to the one that has the skimming device on it

- Customers should check their bank accounts regularly to make sure there are no unusual or unauthorized transactions. If you find any unauthorized ATM transactions on your bank account, immediately notify local law enforcement agency as well as your financial institution and/ or the establishment where the ATM is located.
- Always protect your PIN: Don't give the number to anyone, and cover the keypad while you are entering yours.

৫. এ টি এম-এর বিপদ-আপদ (ATM Threats)

১৯৬০ সালে বাণিজ্যিক ভাবে প্রথম এ টি এম ব্যবস্থা চালু হয়। ২০০৫ সাল পর্যন্ত সারা বিশ্বে প্রায় দেড় মিলিয়ন এ টি এম স্থাপিত হয়। প্রযুক্তির গুরুত্বপূর্ণ উন্নতির ফলে আর্থিক প্রতিষ্ঠানগুলি গ্রাহকদের সবসময় এ টি এম পরিষেবা দিয়ে চলেছে। কাছাকাছি এ টি এম থেকে গ্রাহকরা দিনের যেকোনো সময় তাদের অর্থ সংগ্রহ করতে পারছে। দুর্নীতি বন্ধ করার জন্য আর্থিক প্রতিষ্ঠানগুলি সবসময় তাদের নিরাপত্তার কৌশল বদলাচ্ছে। এজন্য তারা এ টি এম-র স্থান নির্বাচন, গোপন ক্যামেরার সাহায্যে তদারকি এবং গ্রাহকদের সচেতনতা বৃদ্ধির জন্য নানা আধুনিক পদ্ধতি উদ্ভাবন করছে।

ঝুঁকি (Risk)

●প্রতারকরা এ টি এম মেশিনে প্লাস্টিক কার্ড ঢুকিয়ে নানা ভাবে প্রতারণা করতে পারে।

●অন্য একটি পদ্ধতি হল— মেশিনে জাল কার্ড ঢুকিয়ে ব্যাঙ্ক রেকর্ড থেকে তথ্য সংগ্রহ করে প্রতারণা করা।

●নকল এ টি এম কার্ড ব্যবহার করে সফটওয়্যারের সাহায্যে মেশিনে টাইপ করা আপনার পাসওয়ার্ডটি প্রতারকরা জেনে ফেলতে পারে।

কী করণীয়

●প্রতিটি লেনদেনের তথ্য আপনি যেন ই-মেল এবং এস এম এস-র মাধ্যমে জানতে পারেন সেই পরিষেবা গ্রহণ করুন।

●মনে রাখবেন, ব্যাঙ্ক জাতীয় প্রতিষ্ঠানগুলি কখনোই অনলাইনে আপনার বিস্তারিত তথ্য জানতে চেয়ে ই-মেল পাঠায় না।

●নিয়মিত আপনার ক্রেডিট কার্ড ও ব্যাঙ্ক ব্যালেন্সে কোনো অসঙ্গতি আছে কিনা যাচাই করে দেখুন।

●সবসময় আপনার যোগাযোগের ঠিকানা আপডেটেড রাখুন যেখানে আপনার চেকবই ক্রেডিট কার্ড ইত্যাদি পাঠানো হয়।

●ফিসিং অ্যাটাক রুখতে ফিসিং ফিল্টার ব্যবহার করুন। ই-মেলে আসা লেনদেন সংক্রান্ত কোনো লিংকে ক্লিক করবেন না।

●শক্তিশালী অথচ সহজে মনে রাখা যায় এমন পাসওয়ার্ড ব্যবহার করুন এবং তা নিয়মিত বদলে নিন।

●প্রতারকরা যেন সরাসরি ফোন করে বা স্বয়ংক্রিয় কথাবার্তার (IVR) মাধ্যমে আপনার কাছ থেকে গুরুত্বপূর্ণ তথ্য জেনে নিতে না পারে সে বিষয়ে সর্বদা সজাগ থাকুন।

●ব্যাঙ্ক বা ক্রেডিট কার্ড দাতা সংস্থাকে তথ্য দেওয়ার ব্যাপারে সংযত থাকুন।

●নতুন কোনো সাজ-সরঞ্জামের বিষয়ে কোনোরকম দুর্বলতা দেখাবেন না।

●ভিড় আছে এমন এ টি এম ব্যবহারের সময় সজাগ থাকুন। এসব জায়গায় প্রতারকদের উপস্থিতি সহজ হয়। ডিভাইস (device) লাগানো আছে এমন এ টি এম ব্যবহার করতে বাধ্য করার জন্য তারা এলাকার অন্য এ টি এম গুলিকে অকেজো করে দিতে পারে।

●এ টি এম জালিয়াতির জন্য আইনি সুরক্ষায় সীমাবদ্ধতা রয়েছে। এজন্য ব্যাঙ্কগুলি সবসময় বাড়তি সুরক্ষার ব্যবস্থা করে। আপনার সুরক্ষার জন্য আপনার ব্যাঙ্কের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রেখে চলুন।

●এ টি এম-র আশেপাশে সন্দেহজনক কিছু দেখলে বা অবৈধ লেনদেন হলে তাড়াতাড়ি বিষয়টি উপযুক্ত কর্তৃপক্ষকে জানান।

●সবসময় আপনার পিন সুরক্ষিত রাখুন। পিন কাউকে জানাবেন না এবং পিন ব্যবহারের সময় কি-বোর্ড আড়াল করুন।

6. ONLINE BANKING

Online Banking can also be referred as Internet Banking. It is the practice of making bank transactions or paying bills through the internet. We can do all financial transactions by sitting at home or office. Online banking can be used for making deposits, withdrawals or we can even use it for paying bills online. The benefit of it is the convenience for customers to do banking transactions. The customers need not wait for bank statements, which arrive by e-mail to check their account balance. They can check their balance each and every day by just logging into their account. They can catch the discrepancies in the account and can act on it immediately.

RISKS

Link Manipulation: Most methods of phishing use some form of technical deception designed to make a link in an e-mail (and the spoofed website it leads to) appear to belong to the spoofed organization. Misspelled URLs or the use of sub domains are common tricks used by phishers.

Filler Evasion: Phishers have used images instead of text to make it harder for anti-phishing filters to detect text commonly used in phishing e-mails.

Phishing Attacks: An e-mail message from a large online retailer or Internet Bank website announces that your account has been compromised and need to be updated and gives the link to update the same. So you follow a link in the message, if you click on the link it leads to the website that is as similar as original website, it is spoofed login page. If you give the account details that will be redirected to the attacker and it might be misused.

Malware attacks: Attackers try to send the malware through attachments, try to trap you by sending false e-mails with attachments saying to update your account information.

৬. অনলাইন ব্যাঙ্কিং (Online Banking)

অনলাইন ব্যাঙ্কিংকে ইন্টারনেট ব্যাঙ্কিংও বলে। এর মাধ্যমে আমরা বাড়িতে বা অফিসে বসে টাকা জমা-তোলা, বিল পেমেন্টসহ সবরকমের আর্থিক লেনদেনের কাজ করতে পারি। এর ফলে ব্যাঙ্কের কাজকর্মে অনেক সুবিধা হয়েছে। ব্যাঙ্কে কত টাকা জমা রয়েছে তা জানার জন্য এখন ব্যাঙ্ক স্টেটমেন্টের জন্য অপেক্ষা করতে হয় না। গ্রাহক কেবল তার অ্যাকাউন্টে প্রবেশ করেই তা জানতে পারেন। অতিদ্রুত তারা তাদের অ্যাকাউন্টে কোনো অসঙ্গতির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারেন।

ঝুঁকি (Risk)

লিংক ম্যানিপুলেশন (Link Manipulation) ঃ প্রযুক্তির এই কৌশল ব্যবহার করে প্রতারণার ফাঁদ পাতা হয়। প্রতারকরা আপনার ই-মেলের সঙ্গে নানা লিংক জুড়ে দেয় যার ফলে আপনি অসচেতনভাবে সেখানে ক্লিক করলেই আক্রমণকারীদের ডাটাবেসে ঢুকে পড়েন এবং প্রতারিত হতে পারেন।

ফিল্টার ইভাশন (Filter Evasion) ঃ আপনি যাতে আপনার অনলাইন ব্যাঙ্কিং সিস্টেম সঠিকভাবে শোধন (ফিল্টার) করতে না পারেন সেজন্য প্রতারকেরা লেখার বদলে ছবি ব্যবহার করে নানা ট্র্যাপ পাতে।

ফিসিং অ্যাটাক (Phishing attacks) ঃ ফিসিং অ্যাটাকের মাধ্যমে অনেকসময় আসলের মত দেখতে জাল ওয়েব পেজে আপনার ব্যাঙ্ক সংক্রান্ত বিষয় আপডেট করার জন্য লিংক জুড়ে দেওয়া হয়; সেখানে আপনি ক্লিক করলেই আক্রমণকারীদের কবলে পড়ে যাবেন।

ম্যালওয়্যার অ্যাটাক (Malware attacks) ঃ আক্রমণকারীরা অনেকসময় অ্যাটাচমেন্টের সঙ্গে ম্যালওয়্যার জাতীয় ভাইরাস পাঠিয়ে আপনার অ্যাকাউন্ট ট্র্যাপ করতে পারে।

Clampi Virus Targets Users at Banks and Credit Card Sites: Keeping up with the latest Web security threats is a daunting task, because viruses and Trojans emerge, evolve, and spread at an alarming rate. While some infections like Nine Ball, Conficker, and Gumblar have hit the scene and immediately become the scourge of the cyber security world, others take their time — quietly infiltrating more and more computers before revealing the true depth of the danger they pose. One such slow grower is Clampi, a Trojan that made its debut as early as 2007 (depending on who you ask) but is only now raising hairs outside professional security circles. Clampi primarily spreads via malicious sites designed to dispense malware, but it's also been spotted on legitimate sites that have been hacked to host malicious links and ads. Using these methods, Ciampi has infected as many as half a million computers, Joe Stewart, of Secure Works, told a crowd at the Black Hat Security Conference in July, USA Today reports. Once installed on a PC, the Trojan quietly waits for you to visit a credit card or banking Web site. When it detects you're on one of the roughly 4,600 financial Web sites it's trained to watch, it records your username and password, and feeds that information back to the criminals. Clampi can even watch for network login information, allowing it to spread quickly through networked PCs (e.g., those in an office). In fact, it seems that businesses have been the primary target of Clampi so far. According to the Times Online, in July, an auto parts shop in Georgia was robbed of $75,000 when criminals stole online banking information using Clampi. The Trojan was also used to infiltrate computers for a public school district in Oklahoma and submit $150,000 in fake payroll payments.

TIPS

- Never click web links in your e-mail and no bank will ask you to update the accounts through online.
- Never provide personal information including your passwords, credit card information, account numbers to unknown persons.
- Never keep username, account name and passwords at one place. Always try to remember passwords.
- Always use phishing filters at your Internet browser.
- Do not click any images in the web sites if you are unsure.
- Confirm whether e-mail is received from bank or not.
- Be cautious while providing bank details via online, before proceed further confirm with bank about the e-mail you received. Think that if something is important or urgent why don't bank calling me instead of sending e-mail?
- Delete all cookies and history file before you perform online transactions.
- Always use virtual keyboard while accessing online banking.
- Delete all the history and cookies once you are done with online transactions.
- Avoid accessing online banking in cybercafes.

'ক্ল্যাম্পি' নামক ভাইরাসের সাহায্যে ব্যাঙ্ক ও ক্রেডিটকার্ড কোম্পানির ওয়েবসাইটে আক্রমণ (Clampi Virus Targets Users at Bank and Credit Card Sites) ঃ সবসময় সাইবার আক্রমণ ঠেকানো খুব কঠিন; কারণ ভাইরাস, ট্রোজান ইত্যাদির আক্রমণ করে ইন্টারনেটের মাধ্যমে দ্রুত ছড়িয়ে পড়ে। 'নাইন বল', 'কনফিকার', 'গাম্বলার' নামের কিছু ই-সংক্রমণ ই-বিশ্বকে ভুগিয়েছে। এর পাশাপাশি এমন কিছু ই-সংক্রামকও আছে যেগুলি চুপিসাড়ে আরো বেশিসংখ্যক কম্পিউটারের গভীর বিপদ ডেকে আনতে পারে। একরম একটি শ্লথ ট্রোজানের নাম 'ক্ল্যাম্পি' যা ২০০৭ সাল নাগাদ ছড়িয়ে পড়ে বর্তমানে এক বিরাট সমস্যা হিসেবে দেখা দিয়েছে। শুরুরদিকে এটি ক্ষতিকারক সফটওয়্যার ছড়ানোর ওয়েবসাইট থেকে ছড়াতে শুরু করলেও পরে সংক্রামিত বিভিন্ন সাইট থেকেও ছড়াতে থাকে। এই ভাবে 'ক্ল্যাম্পি' প্রায় পাঁচ লক্ষ কম্পিউটারে ছড়িয়ে পড়ে। ব্ল্যাকহ্যাট সম্মেলনে 'সিকিওর ওয়ার্কস'-এর মি. জো স্টুয়ার্টের মত অনুসারে 'ক্ল্যাম্পি' একবার কম্পিউটারে প্রবেশ করলে সেই কম্পিউটারে কোনো ব্যাঙ্ক বা ক্রেডিটকার্ড কোম্পানির ওয়েবসাইট খুললে 'ক্ল্যাম্পি' তার উপরে নজর রাখে। একসঙ্গে প্রায় ৪৬০০ এই জাতীয় ওয়েবসাইটে সে এই নজরদারি চালাতে পারে এবং আপনার আইডি ও পাসওয়ার্ড প্রতারকদের পাঠিয়ে দিতে পারে। 'ক্ল্যাম্পি' নেটওয়ার্কে দ্রুত ছড়িয়ে পড়ে আপনার কোনো নেটওয়ার্কে প্রবেশের তথ্যও পাচার করতে পারে। টাইমস অনলাইন পত্রিকা জানাচ্ছে যে 'ক্ল্যাম্পি' ব্যবহার করে জর্জিয়ার এক মোটরগাড়ি-যন্ত্রাংশের দোকান থেকে ৭৫০০০ ডলার চুরি করা হয়েছিল। ওখলাহোমার একটি সরকারি স্কুলে এই ট্রোজানটি ব্যবহার করে ১৫০০০০ ডলার ভুয়ো বেতন দেওয়া হয়েছিল।

সাবধান থাকার জন্য প্রয়োজনীয় পরামর্শ

- আপনার মেলে আসা কোনো লিংকে কখনো ক্লিক করবেন না। এটা সর্বদা মনে রাখবেন, কোনো ব্যাঙ্ক অনলাইনে আপনার অ্যাকাউন্টের আপডেট জানতে চায় না।
- কোনো অচেনা ব্যক্তিকে আপনার ব্যাঙ্কসংক্রান্ত কোনো তথ্য জানাবেন না।
- আপনার অ্যাকাউন্ট নম্বর বা পাসওয়ার্ড কোথাও লিখে রাখবেন না; তা কেবলমাত্র মনে রাখবেন।
- আপনার ইন্টারনেট ব্রাউসার সবসময় ফিসিং ফিল্টারের মাধ্যমে ফিল্টার করবেন।
- নিশ্চিত না হয়ে ওয়েবসাইটের কোনো ছবিতে ক্লিক করবেন না।
- পরবর্তী ধাপে যাবার আগে ই-মেলটি সত্যিই আপনার ব্যাঙ্ক থেকে এসেছে কিনা নিশ্চিত হোন।
- অনলাইনে ব্যাঙ্ক-তথ্য দেওয়ার সময় সতর্ক থাকুন। ভাবুন, জরুরি বিষয়ে ব্যাঙ্ক ডেকে না পাঠিয়ে মেল করল কেন?
- অনলাইন লেনদেনের আগে ও পরে সমস্ত তথ্য মুছে ফেলুন।
- সবসময় ভার্চুয়াল কি-বোর্ড ব্যবহার করুন।
- সাইবার কাফেতে অনলাইন ব্যাঙ্কিং-র কাজ না করার চেষ্টা করুন।

7. Online Shopping

Online shopping has become very popular to purchase all things without leaving your home, and it is a convenient way to buy things like electronic appliances, furniture, cosmetics, and many more. We can avoid the traffic and the crowd. We can buy at any time instead of waiting for the store to open. Apart from all these advantages risks are also there. It is very much important to take some safety measures before you go for online shopping.

Tips for safe online shopping

- Before you go for online shopping make sure that your PC is secured with all core protections like antivirus, anti spyware, firewall including system updated with all patches and web browser security.

- Before buying things, one should research about the web site from which he/she wants to buy. Attackers try to trap with websites that appear to be legitimate, but they are not. So make a note of the telephone number and physical address of the vendor and confirm that the website is a trusted site. Search for different web sites and compare the prices. Check the reviews of consumers and media of that particular web site or merchants.

- If you are ready to buy something online, check whether the site is secure like https or padlock on the browser address bar or at the status bar and then proceed with financial transactions.

- After finishing the transaction take a print or screenshot of the transaction records and details of purchase data like price, confirmation receipt, terms and conditions of the sale.

- Immediately check the credit card statements as soon as you finish online transaction. Verify about the charges you paid were same, and if you find any changes immediately report to concerned authorities.

- After finishing your online shopping, clear all the web browser cookies and turn off your PC since spammers and phishers will be looking for the system connected to the Internet and will try to send spam e-mails and will try to install the malicious software that may collect your personal information.

- Beware of the e-mails like "please confirm of your payment, purchase and account details for the product". Remember legitimate business people never send such e-mails. If you receive such e-mail immediately call the merchant and inform the same.

- A new kind of fraud attempt is being observed in the case of mobile wallets. User should be careful and should not disclose his/her PIN.

৭. অনলাইন কেনাকাটা (Online Shopping)

বাড়ির বাইরে না বেরিয়ে সবরকম জিনিস কিনতে অনলাইন কেনাকাটা এখন বেশ জনপ্রিয়। ইলেকট্রনিক যন্ত্রপাতি, আসবাবপত্র, প্রসাধনদ্রব্য এবং এরকম অনেক কিছু কিনে ফেলার সহজ পদ্ধতি হল এই অনলাইন ব্যবস্থা। রাস্তার যানজট বা ভিড় এভাবে আমরা এড়াতে পারি। দোকান খোলার অপেক্ষা না করে এভাবে যখন তখন আমরা জিনিসপত্র কিনতে পারি। এসব সুবিধে ছাড়াও অনলাইন কেনাকাটায় কিছু ঝুঁকিও আছে। অনলাইনে কেনাকাটার সময় কিছু সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া উচিত।

নিরাপদ অনলাইন কেনাকাটা (Tips for safe online shopping)

●অনলাইন কেনাকাটার আগে দেখে নেওয়া দরকার যে ব্যবহারের **কম্পিউটার**টি সুরক্ষিত কিনা। অর্থাৎ **কম্পিউটার**টিতে ভাইরাস প্রতিরোধী, স্পাইওয়্যার প্রতিরোধী সফটওয়্যার আছে কিনা। এছাড়া দেখতে হবে যথাযথ ওয়েব ব্রাউজার নিরাপত্তার ব্যবস্থা আছে কিনা এবং প্যাচ-এর সাহায্যে সিস্টেম সফটওয়্যারকে সুরক্ষিত করা আছে কিনা।

●কোনো ওয়েবসাইট থেকে অনলাইনে কেনাকাটার আগে সাইটটিকে যাচাই করে নিতে হবে। অবৈধ ওয়েবসাইটের সাহায্যে ব্যবহারকারীকে ফাঁদে ফেলা হয়। সুতরাং বিক্রেতার ঠিকানা ও ফোন নম্বর জেনে ওয়েবসাইটটির বিশ্বাসযোগ্যতা যাচাই করে নেওয়া উচিত। বিভিন্ন ওয়েবসাইট ঘেঁটে জিনিসের দামের তুলনা করা উচিত। ব্যবহারকারীদের মতামত ও খবরের কাগজের সমীক্ষাগুলিও এক্ষেত্রে দেখে নেওয়া যেতে পারে।

●অনলাইনে কেনাকাটার জন্য তৈরি হয়ে দেখে নিতে হয় নিরাপত্তার প্রমাণ হিসেবে https ওয়েব ঠিকানার লাইনে তালাচিহ্ন আছে কিনা।

●অর্থ লেনদেনের পরেই সেই সংক্রান্ত নথি ছাপার আকারে নিজের কাছে রাখা উচিত। এছাড়া দাম, প্রাপ্তিস্বীকার ও কেনাকাটার শর্তাবলিও হার্ডকপিতে রাখা উচিত।

●লেনদেন শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই ক্রেডিট কার্ডের লেনদেন সংক্রান্ত তথ্যাবলি দেখে নেওয়া দরকার এবং কিছু ভুল থাকলে তা দ্রুত সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরে আনা উচিত।

●অনলাইনে কেনাকাটার শেষে ওয়েব ব্রাউজার সৃষ্ট কুকিস মুছে ফেলা দরকার এবং ব্যবহৃত **কম্পিউটার**টি সর্বতোভাবে ও সঠিকভাবে বন্ধ করে দেওয়া দরকার। কাজের পরেও চালু **কম্পিউটার** ইন্টারনেটে যুক্ত থাকলে নানা বিপজ্জনক ব্যাপার ঘটতে পারে; এমনকি ব্যক্তিগত তথ্যও চুরি হতে পারে।

●"দয়া করে আপনার দাম মেটানো, কেনা শেষ হওয়া এবং অ্যাকাউন্ট সংক্রান্ত তথ্য আমাদের জানান"—এই জাতীয় ই-মেল থেকে সাবধান থাকুন। এই ধরনের ই-মেল বৈধ বিক্রেতারা পাঠায় না। এরকম ই-মেল পেলে সঙ্গে সঙ্গে বিক্রেতাকে ফোন করে জানানো উচিত।

●এক নতুন ধরনের প্রতারণা মোবাইল ওয়ালেট ব্যবহারে দেখা যাচ্ছে। এজন্য ব্যবহারকারীকে নিজের পিন নম্বরের গোপনীয়তা রক্ষার ব্যাপারে সদা সতর্ক থাকতে হবে।

8. MOBILE SECURITY

Providing mobile PC or mobiles to access internet for official purpose and for remote access to all business applications may put a personal or organization's vital information at risk. For professionals or individual users, using mobile or mobile PC, there are plenty of benefits such as work from anywhere, etc...The mobile devices have their own characteristics but also with security concerns such as sensitive information access with mobiles.

There are various threats, which can affect the mobile users in several ways. For example, sending multimedia messages and text messages to the toll free numbers, unknowingly clicking for a message received through the mobile phone. Now-a-days many malicious programs have come which will try to get access over mobile phones and laptops and steal the personal information inside it.

Exposure of critical information: Small amounts of WLAN signals can travel significant distance, and it's possible to peep into these signals using a wireless sniffer. A wireless intruder could expose critical information if sufficient security isn't implemented.

Lost or Stolen devices: Even if sufficient security is implemented in wireless Virtual Private Networks (VPNs), if a device is lost or stolen. the entire corporate intranet could be threatened if those devices aren't protected by a password and other user-level security measures.

Mobile Viruses: Mobile Viruses can be major threat, particularly with devices that have significant computational capabilities. Mobile devices, in general are susceptible to Viruses in several ways. Viruses can take advantage of security holes in applications or in applications or in the underlying Operating System and cause damage. Applications downloaded to a mobile device can be as Virus-prone as desktop applications. In some mobile OS, malformed SMS messages can crash the device.

Bluejacking: Bluejacking is sending nameless, unwanted messages to other users with Bluetooth-enabled mobile phones or laptops. Bluejacking depends on the capability of Bluetooth phones to detect and contact another Bluetooth enabled device . The Bluejacker uses a feature originally proposed for exchanging contact details or electronic business cards. He or she adds a new entry in the phone's address book, types in a message, and chooses to send it via Bluetooth. The phone searches for other Bluetooth phones and, if it finds one, sends the message. Despite its name, Bluejacking is essentially harmless. The Bluejacker does not steal personal information or take control of your phone.Bluejacking can be a problem if it is used to send obscene or threatening messages or images, or to send advertising. If you want to avoid such messages, you can turn off Bluetooth, or set it to "undiscoverable".

Bluesnarfing: Bluesnarfing is the theft of data from a Bluetooth phone. Like Bluejacking, Bluesnarfing depends on the ability of Bluetooth-enabled devices to detect and contact others nearby.In theory, a Bluetooth user running the right software on a laptop can discover a nearby phone, connect to it without your confirmation, and download your phonebook, pictures of contacts and calendar. Your mobile phone's serial number can also be downloaded and used to clone the phone.You should turn off Bluetooth or set it to "undiscoverable". The undiscoverable setting allows you to continue using Bluetooth products like headsets, but means that your phone is not visible to others.

E-mail Viruses: E-mail Viruses affect PDAs in much the same way regular e-mail Viruses affect PCs. These Viruses are costly to enterprises and interrupt normal business too. PaImOS / LibertyCrackis an example of a PDA e-mail virus. It's a known Trojan horse that can delete all applications on a Palm PDA.

৮. মোবাইল নিরাপত্তা (Mobile Security)

ব্যক্তিগত বা সাংগঠনিকস্তরে সবরকম বাণিজ্যিক বা অফিসের কাজ মোবাইল বা ল্যাপটপের মাধ্যমে করা হচ্ছে যা খুবই ঝুঁকিপূর্ণ। অবশ্য পেশাগত বা ব্যক্তিগতজীবনে মোবাইল বা ল্যাপটপ ব্যবহারের সুবিধাও অনেক; যেকোনো জায়গায় বসেই কাজ করা যায়। মোবাইলের নিজস্ব গঠনগত বৈশিষ্ট্য থাকলেও তথ্য আদান-প্রদানে নিরাপত্তার বিষয়টিও গুরুত্বপূর্ণ।এখানেও নানাভাবে প্রতারিত ও আক্রান্ত হবার সম্ভাবনা আছে। যেমন টোল ফ্রি নম্বর থেকে বা মাল্টিমিডিয়ার মাধ্যমে মেসেজ পাঠানো হচ্ছে। না জেনে-বুঝেই মোবাইলে আসা সেসব বিষয়ে ক্লিক করলে আপনি বিপদে পড়তে পারেন। এখন মোবাইলে নানা ক্ষতিকর প্রোগ্রাম পাঠিয়ে তা গ্রহণ করানোর চেষ্টা করে ব্যক্তিগত তথ্য চুরি করা হচ্ছে।

গোপন তথ্য প্রকাশ (Exposure of critical information)

প্রয়োজনীয় নিরাপত্তা না থাকলে কিছু সংকেত ব্যবহার করে আপনার গোপন তথ্য প্রকাশ করে দেওয়া যেতে পারে।আপনার ডিভাইস হারিয়ে গেলে বা চুরি হলে তা যদি যথাযথ ভাবে পাসওয়ার্ড বা ব্যবহারজনিত অন্যান্য বিষয়ে সুরক্ষিত না থাকে তাহলে আপনার ক্ষতি হতে পারে।

মোবাইল ভাইরাস (Mobile Viruses)

কম্পিউটারের মতো সুবিধাযুক্ত মোবাইলগুলির ক্ষেত্রে ভাইরাসই হল প্রধান শত্রু। মোবাইল সাধারণত ভাইরাস বিষয়ে খুব সংবেদনশীল। ঢিলেঢালা নিরাপত্তার সুযোগে মোবাইলে ভাইরাস ঢুকে পড়ে তা অকেজো করে দিতে পারে। কোনো কিছু ডাউনলোড করার সময় ভাইরাস আপনার মোবাইলের অপারেটিং সিস্টেম নষ্ট করে দিতে পারে।

ব্লু-জ্যাকিং (Bluejacking)

ব্লু-টুথের সুবিধাযুক্ত মোবাইল বা ল্যাপটপ থেকে নামহীন অবাঞ্ছিত ম্যাসেজ পাঠানোকে ব্লু- জ্যাকিং বলে। ব্লু- জ্যাকিং নির্ভর করে একটি ব্লু-টুথের সঙ্গে অন্য ব্লু- টুথের সংযোগক্ষমতার উপর। ব্লু- জ্যাকাররা আসলে কনটাক্ট ডিটেলস বা ইলেকট্রনিক বিসনেস কার্ড ব্লু- টুথের মাধ্যমে বিনিময় করে। সাধারণভাবে এটা ক্ষতিকর না হলেও বিজ্ঞাপনের মেসেজ বা ছবি পাঠিয়ে তার মাধ্যমে কেউ আপনার ক্ষতি করতে পারে। সাবধানতা অবলম্বনের জন্য আপনার ব্লু-টুথ অদৃশ্য বা undiscoverable mode -এ রাখুন।

ব্লু-স্নার্ফিং (Bluesnarfing)

ব্লু-সার্ফিং হল ব্লু-টুথযুক্ত ফোন থেকে তথ্য চুরির পদ্ধতিবিশেষ। এটা কাছাকাছি থাকা অন্য ব্লু- টুথের সঙ্গে সংযোগক্ষমতার উপর নির্ভর করে। তত্ত্বগতভাবে একজন ব্লু- টুথ ব্যবহারকারী ল্যাপটপে সফটওয়্যার ব্যবহার করে কাছাকাছি থাকা ফোন থেকে সেই ব্যক্তির অজান্তেই মোবাইলের সিরিয়াল নম্বরসহ যাবতীয় তথ্য চুরি করে নিতে পারে। নিরাপদ থাকার জন্য আপনার ব্লু- টুথ অদৃশ্য বা undiscoverable mode-এ রাখুন।

ই-মেল ভাইরাস (E-mail Viruses)

ই-মেল ভাইরাস মোবাইল আক্রমণ করতে পারে। সাধারণ ই-মেল ভাইরাসের মতোই এই ভাইরাসের দ্বারা আপনার কম্পিউটার আক্রান্ত হতে পারে। এই জাতীয় ভাইরাস নিয়ন্ত্রণ করা ব্যয়বহুল এতে সাধারণ কাজকর্মে ব্যাঘাত ঘটে। লিবার্টি ক্র্যাক (Liberty Crack) হল এই ধরনের ভাইরাসের উদাহরণ। এটি Trojan horse নামেও পরিচিত যা আপনার অন্যান্য অ্যাপ্লিকেশন মুছে ফেলতে পারে।

Malicious softwares like Worms, Spywares and Trojans: Worms may disturb the phone network by spreading from one mobile to other mobile through Bluetooth transfer, Infrared transfer or through MMS attachments. Spyware that has entered into the mobile phone through Bluetooth may transfer the personal information to the outside network. The Trojan which got installed along with the game application in the mobile may send SMS messages to expansible members and may increase the phone bill.

Guidelines for securing mobile devices

- Be careful while downloading applications through Bluetooth or as MMS attachments. They may contain some harmful software, which will affect the mobile phone.
- Keep the Bluetooth connection in an invisible mode, unless you need some user to access your mobile phone or laptops. If an unknown user tries to access the mobile phone or laptop through blue tooth, move away from the coverage area of blue tooth so that it automatically gets disconnected.
- Avoid downloading the content into mobile phone or laptop from an untrusted source.
- Delete the MMS message received from an unknown user without opening it.
- Read the mobile phone's operating instructions carefully mainly regarding the security settings, pin code settings, Bluetooth settings, infrared settings and procedure to download an application. This will help in making your mobile phone secure from malicious programs.
- Activate the pin code request for mobile phone access. Choose a pin, which is unpredictable and which is easy to remember for you.
- Use the call barring and restriction services provided by operators, to prevent the applications that are not used by you or by your family members.
- Don't make you mobile phone as a source for your personal data, which is dangerous if it falls in to the hands of strangers. It is advisable not to store important information like credit card and bank cards passwords, etc in a mobile phone.
- Note the IMEI code of your cell phone and keep it in a safe place. This helps the owner to prevent access to the stolen mobile. The operator can block a phone using the IMEI code.
- Regularly, backup important data in the mobile phone or laptop by following the instructions in the manual.
- Define your own trusted devices that can be connected to mobile phone or laptop through Bluetooth.
- Use free cleansing tools, which are available in the Internet to make your mobile work normally, whenever it is affected by malicious softwares.

Worms ইত্যাদি ক্ষতিকারক সফটওয়্যার ব্লু-টুথের মাধ্যমে এক মোবাইল থেকে অন্য মোবাইলে ছড়িয়ে পড়ে (MMS attachment) সংযুক্তির মাধ্যমে। **Spywares** মোবাইল ফোনে ঢুকে আপনার ব্যক্তিগত তথ্য বাইরের নেটওয়ার্কে পাঠিয়ে দিতে পারে। **Trojans** গেমের মাধ্যমে আপনার মোবাইলে ঢুকে ব্যয়বহুল মেসেজ পাঠিয়ে আপনার ফোনের বিল বাড়িয়ে দিতে পারে।

আপনার মোবাইল সুরক্ষিত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ

●ব্লু- টুথের মাধ্যমে কোনো অ্যাপ্লিকেশন ডাউনলোড করার সময় সতর্ক থাকুন; এগুলির মাধ্যমে আপনার মোবাইলে ক্ষতিকারক সফটওয়্যার চলে আসতে পারে।

●দরকার না হলে মোবাইল বা ল্যাপটপে ব্লু- টুথ অদৃশ্য বা invisible mode-এ রাখুন। কোনো অচেনা ব্যক্তি ব্লু-টুথের মাধ্যমে আপনার মোবাইল বা ল্যাপটপ ব্যবহার করার চেষ্টা করলে পরিষেবাসীমার বাইরে সরে যান, যাতে করে সেটি আপনাআপনিই বিচ্ছিন্ন হয়ে যায়।

●কোনো অজানা উৎস থেকে কোনোকিছু ডাউনলোড করা থেকে বিরত থাকুন।

●অচেনা ব্যক্তির কাছ থেকে আসা MMS না খুলেই মুছে ফেলুন।

●মোবাইল ফোন ব্যবহারের নিয়মগুলি (Manual) ভালো করে পড়ুন— বিশেষত, সিকিউরিটি সেটিং, পিন সেটিং, ব্লু-টুথ সেটিং এবং কোনো অ্যাপ্লিকেশন ডাউনলোড করার পদ্ধতিগুলি। এগুলি সঠিকভাবে মেনে চললে আপনার মোবাইল ক্ষতিকারক প্রোগ্রাম থেকে দূরে থাকবে।

●মোবাইলে সবসময় পিনকোড দিয়ে রাখুন এবং তা যেন সহজে মনে রাখা যায়।

●কল (Call) নিয়ন্ত্রণের সুবিধাগুলি সংস্থার কাছ থেকে গ্রহণ করুন। আপনার বা আপনার পরিবারের যে অ্যাপ্লিকেশনগুলি দরকার হয় না সেগুলি মোবাইল থেকে (Uninstall) করুন বা সড়িয়ে ফেলুন।

●ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ডের গুরুত্বপূর্ণ তথ্য মোবাইলে সেভ করে রাখবেন না। আপনার মোবাইল চুরি গেলে তা থেকে আপনি প্রতারিত হতে পারেন।

●মোবাইল ফোনের IMEI Code সুরক্ষিত স্থানে লিখে রাখুন। আপনার চুরি যাওয়া মোবাইলের ব্যবহার এই কোডের সাহায্যে আটকানো সম্ভব।

●আপনার মোবাইল বা ল্যাপটপে নির্ভুলভাবে ব্লু-টুথের সংযোগ করুন।

●মোবাইল সচল ও স্বাভাবিক রাখতে ইন্টারনেট থেকে ক্লিনিং টুল ব্যবহার করুন; নতুবা আপনার মোবাইল ক্ষতিকারক সফটওয়্যার দ্বারা আক্রান্ত হতে পারে।